

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০৬

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (২২) শনিবার সিয়াম রাখা সম্পর্কে বর্ণনা - এককভাবে শুধু শনিবার সিয়াম রাখা নিষেধ হওয়ার ব্যাপারে বর্ণনা

আরবী

3606 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا الْحَكَمُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا مُبَشِّرُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ حَسَّانَ بْنِ نُوحٍ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ بُسْرٍ الْمَازِنِيَّ صَاحِبَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: تَرَوْنَ يَدِي هَذِهِ؟ بَايَعْتُ بِهَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَسَمِعْتُهُ يَقُولُ: (لَا تَصُومُوا يَوْمَ السَّبْتِ إِلَّا فِيمَا افْتُرِضَ عَلَيْكُمْ وَلَوْ لَمْ يَجِدْ أحدكم إلا لحاء شجرة فَلْيُفْطرْ عليه)

الراوي: عَبْد اللَّهِ بْن بُسْرٍ الْمَازِنِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3606 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ((الإرواء)) ((الإرواء)) (960).

বাংলা

৩৬০৬. আব্দুল্লাহ বিন বুসর আল মাযিনী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "তোমরা আমার হাত দেখতে পাচ্ছো? আমি আমার এই হাত দ্বারা আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বাইয়াত গ্রহণ করেছি এবং আমি তাঁকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "তোমাদের উপর যা ফরয করা হয়েছে, সেটা ব্যতীত তোমরা (শুধু) শনিবার সিয়াম রাখবে না। যদি তোমাদের কেউ গাছের ছাল ব্যতীত কোন কিছু না পায়, তবে সে যেন সেটা দিয়েই সিয়াম ভঙ্গ করে।"[1]

ফুটনোট

[1] শারহু মাআনিল আসার: ২/৮১।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন